গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

# নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২৬ মার্চ, ২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ৫ ২৪ ঘন্টায় আক্রান্ত | ৪৪ মোট আক্রান্ত | ১১ মোট সুস্থ | ৫ মোট মৃত্যু |
| ৪৭,৩৬১ মোট কোয়ারেন্টাইন | ১৬,৫৯৩ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত | ৩০,৭৬৮ বর্তমান কোয়ারেন্টাইন | |
| ৩১৮ মোট আইসোলেশন | ২৭৪ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত | ৪৪ বর্তমান আইসোলেশন সংখ্যা | |

করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বিকাল ৩.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে আইইডিসিআর-এর সভাকক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ অংশ নেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

## বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200325-sitrep-65-covid-19.pdf?sfvrsn=2b74edd8_2)

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট **৪,১৪,১৭৯** জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন **১৮,৪৪০** জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৪০,৭১২** জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা **২,২০২**। দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৩৫৪** জন এবং মৃত্যুসংখ্যা **৭**। এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে **২,৩৪৪** জন এবং মোট মৃত্যুসংখ্যা **৭২**।

## বাংলাদেশ পরিস্থিতি

### কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্রঃ আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশে আজ পর্যন্ত মোট ৯২০ জন ব্যক্তির কোভিড-১৯ পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় করা হয়েছে ১২৬ জনের পরীক্ষা। এ পর্যন্ত মোট ৪৪ জন কোভিড-১৯ পজিটিভ রোগী পাওয়া গেছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় এ সংখ্যা ৫। বাংলাদেশে COVID-19 আক্রান্ত হয়ে মোট মৃতের সংখ্যা ৫, তন্মধ্যে গত ২৪ ঘণ্টায় মৃত্যু বরণ করেছেন ০ জন।

## ২৬ মার্চ ২০২০ কোভিড-১৯ নিয়ে সার্ক ভুক্ত দেশ গুলোর চিকিৎসক ও মেডিকেল প্রফেশনালদের নিয়ে প্রথম ভিডিও কনফারেন্স -

কোভিড-১৯ নিয়ে সার্ক ভুক্ত দেশ গুলোর চিকিৎসক, মেডিকেল প্রফেশনাল ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে প্রথম ভিডিও কনফারেন্স ২৬ মার্চ ২০২০ বাংলাদেশ সময় ১২:৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা আবুল কালাম আজাদ বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। ভিডিও কনফারেন্সে স্বাস্থ্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রনালয় এর অতিরিক্ত সচিব ( সার্ক ও বিমস্টেক), বাংলাদেশ আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক, স্বাধীনতা চিকিৎসক পরিষদের সভাপতি ও সাধারন সম্পাদক, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন এর নেতৃবৃন্দ ও বাংলাদেশের বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সভায় ভারতের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সার্কভুক্ত ৮টি দেশ ( আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, শ্রীলংকা, পাকিস্তান) ৯০ মিনিটের সেশনে অংশগ্রহন করে। কোভিড-১৯ মোকাবেলায় ভারতসহ সার্ক ভুক্ত দেশগুলোর চিকিৎসা ব্যবস্থা (বিশেষ করে হাইড্রোক্সিক্লোরোকুইন এর ব্যবহার), সার্ভিলেন্স সিস্টেম (রিমোট এরিয়া), কোয়ারেন্টাইন, কেস ডেফিনেশন, কেস আইডেন্টিফিকেশন, আইসোলেশন, ল্যাবরেটরি ডায়াগনস্টিক এর ক্যাপাসিটি বাড়ানো, লজিস্টিক ম্যানেজমেন্ট (পিপিই সরবরাহ ও বিতরণ), গাইডলাইন ও এসওপি প্রস্তুতিকরন, ডাটা শেয়ারিং ও ম্যানেজমেন্ট প্ল্যাটফর্ম বিষয়ে আলোচনা করা হয়। সার্কভুক্ত কোন দেশেই র‍্যাপিড টেস্ট চালু করা হয়নি এবং rRT-PCR এর মাধ্যমে কেস সনাক্তকরণ চলছে। বাংলাদেশের প্রস্তুতি সন্তোষজনক বলে অভিমত প্রকাশ করা হয়।

উপরোক্ত বিষয়ের আলোকে সিদ্ধান্ত নেয়া হয় যে প্রত্যেকটি দেশের কোভিড-১৯ বিষয়ে গাইডলাইন, এসওপি, চিকিৎসা - ব্যবস্থাপনা এবং অন্যান্য কারিগরী কৌশল সমূহ একটি সম্বন্বিত প্ল্যাটফর্ম ( www.saarc-coin.org/ www.saarc-coinex.org) এ অবহিত করা হবে।

## ২৫ মার্চ ২০২০ কোভিড ১৯ মোকাবেলায় তিন মন্ত্রনালয়সহ বিভিন্ন স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় সভা

২৫ মার্চ ২০২০ স্বাস্থ্য অধিদপ্তরের মিনি কনফারেন্স রুমে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এম পি, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডঃ এম এ মোমেন এম পি, দুর্যোগ, ত্রান ও পুনর্বাসন মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব ডাঃ এনামুর রহমান এম পি, স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিবদ্বয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ সহ অন্যান্য নীতিনির্ধারক, স্টেকহোল্ডার সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ কোভিড-১৯ মোকাবেলায় মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

উক্ত সভায় প্রাইভেট মেডিকেল কলেজ এসোসিয়েশনের এর পক্ষ থেকে জানানো হয় সকল প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল গুলো কোভিড-১৯ চিকিৎসা দেয়ার প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ চিকিৎসা প্রদান করবে। এছাড়াও সহযোগিতার অংশ হিসেবে ৫০০০ পিপিই স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের কাছে হস্তান্তর করা হয়। এই অনুষ্ঠানে হুওয়াই কোম্পানীর বাংলাদেশের প্রধান নির্বাহী কর্মকর্তা মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মহোদয়ের কার্যালয়ে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করে দেয়ার প্রস্তাব করেন, যাতে করে মাননীয় মন্ত্রী মহোদয় স্বাস্থ্য অধিদপ্তরের ভিডিও কনফারেন্সিং এর সাথে সংযুক্ত হয়ে কোভিড-১৯ সহ সার্বিক স্বাস্থ্য ব্যবস্থাপনা তার দপ্তর থেকে পর্যবেক্ষণ করতে পারেন।

**করোনাভাইরাস (COVID-19) নিয়ন্ত্রণ ও প্রতিরোধে নিম্নোক্ত গাইডলাইন সমূহ তৈরী করা হয়েছে।**

১। করোনা (COVID-19) আক্রান্ত রোগীর হাসপাতাল ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)

২। করোনা (COVID-19) নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী বা Personal Protective Equipment (PPE) এর যুক্তিসংগত ব্যবহার

৩। করোনা (COVID-19) জীবানুমুক্তকরণ এবং পরিবেশগত সংক্রমণ রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)

৪। বাড়িতে পরিচর্যার নির্দেশনা: করোনা (COVID-19) আক্রান্ত সন্দেহজনক রোগী, যার মৃদু সংক্রমণ রয়েছে, এবং করোনা (COVID-19) আক্রান্ত রোগী যার হাসপাতালে থাকার প্রয়োজন নেই তাদের জন্য প্রযোজ্য

৫। বিশ্বজুড়ে COVID-19 প্রতিরোধে গর্ভবতী মা ও পরিবারের করণীয়
৬। করোনা (COVID-19) সংক্রান্ত কুসংস্কার দূরীকরণ
৭। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ : মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৮। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ: শিশুদের মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৯। করোনা (COVID-19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
১০। করোনা ভাইরাস রোগ/ কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা সন্দেহে থাকা ব্যক্তিদের কোয়ারেন্টাইন সম্পর্কে জ্ঞাতব্য
১১। হাসপাতাল ও বিমানবন্দরে কোভিড-১৯ এর বর্জ্য ব্যবস্থাপনার গাইডলাইন তৈরি করা হয়েছে।
১২। করোনা মোকাবেলায় জীবাণুনাশক দ্রবণ তৈরীর নিয়ম।
১৩। করোনা )COVID-19) কেইস ডেফিনেশন।
১৪। কোভিড১৯ এবং সামজিক কুসংস্কার বা সোশ্যাল স্টিগমা-
১৫। করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরনীয় বিষয়সমূহ।
১৬। করোনা (COVID-19) এর জন্য কর্মক্ষেত্র প্রস্তুতকরণ।
(https://dghs.gov.bd/index.php/bd/publication/guideline)

## অন্যান্য তথ্যঃ

- করোনা (COVID-19) পরীক্ষা করার জন্য আরো ৩টি স্থানে PCR মেশিন স্থাপিত হয়েছে। প্রতিষ্ঠানসমূহ হচ্ছে জনস্বাস্থ্য প্রতিষ্ঠান (IPH), ঢাকা শিশু হাসপাতাল, বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিজ চট্টগ্রাম (BITID)। এছাড়াও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল এবং সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে অতি শীঘ্রই **PCR** মেশিন স্থাপিত হবে। উল্লেখ্য যে ঢাকা শিশু হাসপাতালে **PCR** মেশিনের মাধ্যমে করোনা ভাইরাস পরীক্ষা **Child Health Research Foundation** এর সহায়তায় করা হবে।
- অদ্য বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিজ চট্টগ্রাম (BITID) এ COVID-19 আক্রান্ত সন্দেহে ৩ টি নমুনা পরীক্ষা করা হয়েছে। তবে কোন পজিটিভ রোগী পাওয়া যায়নি।
- জনস্বাস্থ্য প্রতিষ্ঠান (IPH) COVID-19 পরীক্ষার জন্য সম্পূর্ণ প্রস্তুত আছে। নমুনা পাওয়া মাত্রই তারা পরীক্ষা করা শুরু করবেন।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এমপি মহোদয় বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে গত ২৫/০৩/২০২০ তারিখে ৫০০০ পিপিই (PPE) গ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রী জনাব এ কে আব্দুল মোমেন ও দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব ডাঃ মোঃ এনামুর রহমান। আরও উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা বিভাগের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক।
- গতকাল বিকাল ৫.০০ ঘটিকায় সকল তত্বাবধায়ক, সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা (প্রতি উপজেলা থেকে একজন চিকিৎসক ফোকাল পারসন হিসেবে) এবং মেডিকেল টেকনোলজিস্ট (সকল) এর সমন্বয়ে সন্দেহজনক রোগীর নমুনা সংগ্রহ বিষয়ে টেলিমেডিসিন/ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

## কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টায় কোয়ারেন্টাইন সংখ্যা | গত ২৪ ঘন্টায় ছাড় সংখ্যা | অদ্যাবধি মোট ছাড় | বর্তমানে মোট কোয়ারেন্টাইন | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|---|---|---|
| হোম কোয়ারেন্টাইন | ৪,০৭৫ | ৩,৭৪৩ | ১৬,৫৬৪ | ৩০,৬১৭ | ৪৭,১৮১ |
| হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন | ২৪ | ১১ | ২৯ | ১৫১ | ১৮০ |
| সর্বমোট | ৪,০৯৯ | ৩,৭৫৪ | ১৬,৫৯৩ | ৩০,৭৬৮ | ৪৭,৩৬১ |

- সারাদেশে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত প্রতিষ্ঠানের সংখ্যা - ৩০৩ টি
- সেবা প্রদান করা যাবে - ১৭৬৩১ জন

আইসোলেশন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ আইইডিসিআর/ হেল্‌থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি ছাড়প্রাপ্ত | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|---|
| COVID-19 আক্রান্ত সন্দেহে আইসোলেশন | ৪ | ২৭৪ | ৩১৮ |

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান

(সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন) | ৬৩,৩৭১ | ৪,৬৫,৬০৭ |
| ৩৩৩ | ২,২৮৯ | ২৮,৪১১ |
| আইইডিসিআর | ৩,৩২৬ | ৬৩৫৫১ |
| মোট ফোন কলের সংখ্যা | **৬৮,৯৮৬** | **৫,৫৭,৫৬৯** |

**বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য**

(সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ | ৯২ | ৩,২২,১৯৯ |
| সমুদ্রবন্দর সমূহ | ২৪৫ | ১০,১৪৪ |
| স্থলবন্দর সমূহ | ৩৯৯ | ৩,২৪,৭৮৫ |
| ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন | ০০ | ৭,০২৯ |
| মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা | **৭৩৬** | **৬,৬৪,১৫৭** |

**করোনাভাইরাস (COVID-19) লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য** (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)
**(২৫-০৩-২০২০ রাত্রি ১০:০০ পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী)**

- এ পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে ২,৯১,০০০ পিপিই বিতরন করা হয়েছে।
- অদ্য চীন সরকার থেকে ১০ হাজার টেস্ট কীট, ১ হাজার হ্যান্ডহেল্ড থার্মোমিটার (ইনফ্রারেড), ১৫ হাজার এন ৯৫ মাস্ক, ১০ হাজার পিপিই গ্রহণ করা হয়েছে। এছাড়া জ্যাক মা ফাউন্ডেশন আগামি ২৯ মার্চ ২০২০ তারিখে ৩০ হাজার টেস্ট কীট, ২,৭০,০০০ সার্জিক্যাল মাস্ক এবং ৩০ হাজার এন ৯৫ মাস্ক প্রদান করবে। উল্লেখ্য যে, ইতোপুর্বে বাংলাদেশ চীন সরকারকে ৫ লাখ মাস্ক, ১০ লাখ গ্লোভস, ১ লাখ হ্যান্ড স্যানিটাইজার, ৮ হাজার গাউন এবং ১ লাখ ৫০ হাজার ক্যাপ প্রদান করেছিল।

**সেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে নিবন্ধনকৃত চিকিৎসক ও চিকিৎসা শিক্ষার্থীদের সংখ্যাঃ**

| মোট নিবন্ধনকৃত | কোভিড-১৯ বিষয়ক অনলাইন কোর্স সম্পন্ন করেছেন | হটলাইন সিস্টেমে চিকিৎসাসেবা ও তথ্য প্রদানে যুক্ত হয়েছেন |
|---|---|---|
| ১৬,৬৪২ | ৪,০৩৭ | ৬৮৮ |

২৬/০৩/২০২০
(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।